DEC. 24 2001

# দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ফলোআপ টেন্ডার ছিনতাই

## মাদ্রাসা বোর্ডের রেজিস্ট্রার ও ইঞ্জিনিয়ারকে শোকজ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের টেন্ডার ছিনতাইয়ের ঘটনায় জড়িত অভিযোগে গ্রেফতারকৃত আবদুল জব্বারকে আদালত থেকে ১ দিনের পুলিশ রিমান্ডে নেয়া হয়েছে। গতকাল রোববার তাকে ৭ দিনের রিমান্ডের আবেদন জানিয়ে আদালতে পাঠালে আদালত ১ দিনের রিমান্ড মঞ্জুর করেন। এছাড়া টেন্ডার নিয়ে অনিয়ম. হওয়ার অভিযোগে ২ জনকে শোকজ করেছেন। তারা হচ্ছে মাদ্রাসা বোর্ডের রেজিস্ট্রার প্রফেসর কাজী মো. শহিদ মোস্তফা ও বোর্ডের দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার আবদুল মতিন খান। তিনদিনের মধ্যে তাদের শোকজের জবাব দেয়ার জন্য মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান নির্দেশ দেন।

লালবাগ থানা পুলিশ জানায়, গ্রেফতারকৃত জব্বার লালবাগ থানা এলাকার বিএনপি ক্যাডার মঞ্জুর সহযোগী। মঞ্জুর নির্দেশে জব্বার মাদ্রাসা বোর্ডে টেন্ডার ছিনতাই করতে যায়।

সূত্র জানায়, সন্ত্রাসী ও বিএনপি সমর্থক মঞ্জুর সঙ্গে কয়েকটি প্রিন্টিং প্রেসের মালিকের যোগাযোগ রয়েছে। মঞ্জু কভার মুদ্রণ ও বাঁধাইয়ের দরপত্র আহ্বানকারী মালিকদের থেকে মোটা অঙ্কের টাকা নিয়ে তাদেরকে টেন্ডার পাওয়ার সুযোগ করে দেয়. মঞ্জু আগেও টেন্ডার ছিনতাই করেছে বলে অভিযোগ উঠেছে। পুলিশ তাকে খুঁজছে। তাকে ধরতে পারলে টেন্ডার ছিনতাইয়ের ঘটনার নেপথ্য উদ্‌ঘাটন করা সম্ভব হবে।

সূত্র জানায়, টেন্ডার ছিনতাই ও অনিয়মের ঘটনায় রেজিস্ট্রার, ইঞ্জিনিয়ার, উপ-রেজিস্ট্রার ও কয়েকজন কর্মকর্তা জড়িত। নয়া চেয়ারম্যানের সরলতার সুযোগে তারা ফায়দা লুটে নেয় বলে মাদ্রাসা বোর্ড জুড়ে গুঞ্জন রয়েছে।

সূত্র জানায়, রেজিস্ট্রার কাজী মো. শহিদ মোস্তফা গত ১২ই ডিসেম্বর মাদ্রাসা বোর্ডের জনসংখ্যা শিক্ষা প্রকল্পের আরো একটি টেন্ডার বিজ্ঞপ্তি দিয়েছেন। ওই টেন্ডার আজ সোমবার দুপুর ২টার দিকে গাজীপুর বোর্ড বাজারস্থ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে খোলা হবে।

সূত্র জানায়, এ টেন্ডার নিয়ে রেজিস্ট্রার অনিয়মের আশ্রয় নিয়েছেন। সূত্র জানায়, রেজিস্ট্রার মাদ্রাসা শিক্ষা বোর্ডের ৩য় শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত বইয়ের উভয় পৃষ্ঠার মুদ্রিত ছবি ও রঙিন কভারের টেন্ডার আহ্বান করেছেন, যার পরিমাণ হবে প্রায় ৬ লাখ ৬০ হাজার।

এ টেন্ডার রেজিস্ট্রারের পছন্দসই কোন ব্যক্তিকে দেয়া হবে। তাতেও ব্যাপক অনিয়মের আশ্রয় নেয়া হতে পারে। ওই টেন্ডারের টাকার পরিমাণ প্রায় অর্ধকোটি।

এ ব্যাপারে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান (চ. দা.) প্রফেসর হাফেজ মো. মতিউর রহমান এ প্রতিবেদককে তার কার্যালয়ে জানান, টেন্ডার নিয়ে অবহেলা ও টেন্ডার ছিনতাইয়ের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ২ জনকে শোকজ করা হয়েছে।

তাছাড়া মন্ত্রণালয় আলাদা তদন্ত কমিটি গঠন করতে পারে। তিন কর্মদিবসে শোকজপ্রাপ্ত ২ জন তাদের শোকজের জবাব দেয়ার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

লালবাগ থানার ওসি জানান, অভিযুক্ত অন্যদেরকে গ্রেফতারের চেষ্টা চলছে। ঘটনায় মুদ্রণ ও কভার প্রিন্টিংয়ের মালিকও জড়িত থাকতে পারে।